বই II

ইউরোপীয় দেশগুলো একসঙ্গে কাজ করছে

# আশ্রয়, পরিবার খোঁজা এবং স্থানান্তর



# স্বাগতম!

## এই গল্পটি চার কিশোরের - ঠিক তোমার মতো।

তারা দীর্ঘ যাত্রার পর নিরাপদে ইউরোপে পৌঁছেছে।
কয়েকজন কিশোর একাই এসেছে। কেউ কেউ তাদের পরিবার নিয়ে এসেছে।
তাদের অনেক প্রশ্ন আছে — এবং তারা যেখানে থাকেন সেখানে কাজ করে এমন লোকেরা তাদের সাহায্য করছেন ।

## এই গল্প তোমাকে সাহায্য করতে পারে!

### তুমি শিখবে:

- **আশ্রয়, পরিবার খোঁজা এবং স্থানান্তর** এর অর্থ কী
- কী আশা করা যায় তা বুঝতে
- কেন কর্মকর্তাদের সাথে তোমার অংশগ্রহণ এবং সহযোগিতা করা প্রয়োজন
- যারা তোমাকে সাহায্য করতে পারে
- তোমার অধিকার সম্পর্কে

### তুমি এই গল্পটি পড়তে পারো:

- একা
- বন্ধুর সাথে
- এখানে কাজ করে এমন কারো সাথে

## সময় নাও। থামা যেতেই পারে এবং পরে আবার শুরু করা যেতে পারে।

যদি কিছু বুঝতে অসুবিধা হয়, **তাহলে কাউকে তা বুঝিয়ে দিতে বলো**।
তোমার অভিভাবক, সামাজিক কর্মী বা আইনজীবী তোমাকে সাহায্য করতে পারে।

### শেষে, তুমি পাবে:

- স্থানীয় তথ্য সহ একটি পৃষ্ঠা
- একটি মজার ক্যুইজ
- নিজের প্রশ্নগুলো লিখে রাখার এবং দরকারি যোগাযোগগুলো যোগ করার জায়গা

**18 বছরের কম বয়সী ব্যক্তিদের জন্য যারা একা আসছেন,** তাদের জন্য একজন অভিভাবক নিয়োগ করা হবে। কিছু দেশে, অভিভাবককে প্রতিনিধিও বলা হয়।

এছাড়াও, কিছু দেশে, **আশ্রয় চাওয়াকে** বলা হয় **আন্তর্জাতিক সুরক্ষা** চাওয়া।

পরিশেষে, মনে রাখবে যে তুমি যে রিসেপশন কেন্দ্রে অবস্থান করছ সেখানে প্রদত্ত যাবতীয় পরিষেবা বিনামূল্যে দেওয়া হয়। যদি কোনো কর্মী তোমার কাছে টাকা চায়, তবে এমন একজন কর্মকর্তার সঙ্গে কথা বলো যাকে তুমি বিশ্বাস করো অথবা তোমার অভিভাবকের সঙ্গে কথা বলো।

# এই গল্পের চরিত্রদের সাথে পরিচিত হও।



## মোহাম্মদ

আমার বয়স 17 বছর। আমি বেশিরভাগ সময় খুশি থাকি। আমি যখনই পারি আমার বন্ধু এবং পরিবারকে সাহায্য করতে পছন্দ করি।
আমি কয়েক সপ্তাহ আগে একা এসেছি এবং আমি আমার দাদুকে খুঁজছি। আমি কাজ শুরু করতে আগ্রহী।



## আহমেদ

আমার বয়স 15 বছর। আমি আমার বড় বোন জেসমিনের সাথে এসেছি, যে আমাদের মা মারা যাওয়ার পর থেকে আমার যত্ন নিচ্ছে। আমি আড্ডা দিতে এবং নতুন বন্ধু তৈরি করতে পছন্দ করি। আমি সত্যিই যত তাড়াতাড়ি পারি স্কুলে ফিরে যেতে চাই। এই মুহূর্তে আমি এখানকার স্থানীয় ভাষা শিখছি।



## জেসমিন

আমার বয়স 24 বছর। আমি আমার ভাই আহমেদের সাথে একত্রে পৌঁছেছি, যার আমি যথাসাধ্য যত্ন নিই। আমরা সম্প্রতি এসেছি এবং আমাদের কাকুর সাথে যোগ দেওয়ার চেষ্টা করছি, যিনি কিছুদিন ধরে ইউরোপে বসবাস করছেন। আমি খেলাধুলা পছন্দ করি এবং আমি ফুটবল খুব ভালো।

## অ্যাডাম

আমার বয়স 9 বছর। আমি নিজে থেকে এখানে আছি। আপাতত, আমি কথা না বলার সিদ্ধান্ত নিয়েছি। আমি এখানে আসার আগে অনেক খারাপ জিনিস দেখেছি। আমি আবার কথা বলার আগে আমার কিছু সময় লাগবে। কিন্তু আমি বুদ্ধিমান এবং আমি সব বুঝি। আমি খুব ভালো শ্রোতা এবং স্কুলে যেতে চাই। এ পর্যন্ত আমি যেসব নতুন বন্ধু বানিয়েছি, তাদের সবাইকে আমি পছন্দ করি।





## মিসেস ইনেস

আমি এই অভ্যর্থনা কেন্দ্রে কর্মরত একজন অভিভাবক। আমি যতটা সম্ভব আশ্রয়প্রার্থী সকল শিশু এবং কিশোরদের সাহায্য করার চেষ্টা করি। আমি রান্না করতে ভালোবাসি এবং সবাই যখন ব্যস্ত এবং সক্রিয় থাকে তখন সেটি আমাকে খুশি করে। ব্যায়াম আমাদের সকলকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ রাখে। আমি একজন আইনি পরামর্শদাতা, যারা এক ধরনের আইনজীবী।

## মিঃ ফ্রেড

আমি একজন আইনি পরামর্শদাতা, যা এক ধরনের আইনজীবী। আমি এখানে অনেক প্রশিক্ষিত সহকর্মীদের সাথে একসাথে কাজ করি।
আমি সমস্ত আশ্রয়প্রার্থীকে আইনি বিষয়ে এবং তাদের আশ্রয়ের আবেদনের বিষয়ে ও সহায়তা দিই। আমি একটি বার্তা সহ রঙিন টি-শার্ট পরতে পছন্দ করি।



আন্তরিক ধন্যবাদ জানানো হচ্ছে সেই সকল তরুণ আশ্রয় প্রার্থীদের যারা এই গল্পটি প্রকাশের আগে পড়েছিলেন  এবং এটিকে সুন্দরভাবে শেষ করতে সাহায্য করেছেন।

তারা প্রধান চরিত্রগুলির  নাম নির্বাচন করতে সাহায্য করেছিল।

ধন্যবাদ মাল্টা এবং নেদারল্যান্ডসের কর্মকর্তাদেরকেও, যারা কিশোরদের সঙ্গে আলোচনায় সহায়তা করেছেন।



শুভ সন্ধ্যা, মিস্টার ফ্রেড! আমরা এখানে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করতে এসেছি...
অবশ্যই, ভিতরে আসুন!
আজ আমরা জানতে চেয়েছি যখন আমরা এসে পৌঁছেছিলাম তখন কেন আমাদের ছবি এবং আঙুলের ছাপ নেওয়া হয়েছিল?
ভালো প্রশ্ন!
পাসপোর্ট বা ভিসা ছাড়া কেউ ইউরোপে এলে অফিসাররা তাদের নাম, বয়স এবং কোথা থেকে এসেছেন সে বিষয়ে জিজ্ঞাসা করবে।
তুমি 6 বছরের বেশি বয়সী হলে, তারা তোমার ছবিও তুলবে...
...এবং তোমার আঙ্গুলের ছাপ নেবে।
ফটো এবং আঙুলের ছাপ, যাকে বায়োমেট্রিক ডেটাও বলা হয়, একটি কম্পিউটার সিস্টেমে রাখা হয় যা ইউরোপে আগত লোকদের সমস্ত তথ্য ধারণ করে।
এটি সমস্ত EU দেশের আশ্রয় কর্তৃপক্ষকে তোমার তথ্য খুঁজে পেতে সহায়তা করে।
তাহলে, আমার ছবি এবং আঙুলের ছাপ পরে আমাকে চিনতে তাদের সাহায্য করবে?


হ্যাঁ!
এই তথ্য কর্তৃপক্ষকে কারা এই দেশে আসছে, তারা কোথায় এবং কখন এসেছে, তাদের আসার কারণ এবং সেই ব্যক্তি আগে ইউরোপে ছিল কিনা তা খুঁজে বের করতে সহায়তা করে।
এটা কি আশ্চর্যজনক নয় যে সারা পৃথিবীতে অন্য কারো আঙুলের ছাপ তোমার মতো একই রকম নয়?
হ্যাঁ! আঙুলের ছাপ পরিবর্তন হয় না এমনকি বৃদ্ধ হওয়ার পরেও একই থাকে...
মিঃ ফ্রেড, একবার আমার ছবি এবং আঙুলের ছাপ কম্পিউটার সিস্টেমে তোলা হলে, আমার দেশের সরকার কি এই তথ্য খুঁজে পেতে পারে?
না, এটি গোপন রাখা হবে এবং এটি তোমার দেশের সরকারকে জানানো হবে না। সর্বদা অফিসারদের সাথে সহযোগিতা করো এবং তাদের তোমার ছবি এবং আঙ্গুলের ছাপ নিতে দাও । তুমি যদি প্রত্যাখ্যান করো, তাহলে এটি বিলম্বের কারণ হতে পারে বা মনে করা হতে পারে তুমি আর আশ্রয় চাও না।
তোমার ছবি এবং আঙ্গুলের ছাপ তোমার পরিবারকে খুঁজে পেতে সাহায্য করতে পারে যদি তারা এখানে থাকে। তুমি ইতিমধ্যে আশ্রয় বা নিরাপত্তার কারণে নিবন্ধিত কিনা তা দেখতেও এটি সাহায্য করতে পারে।


যারা আসে এবং আশ্রয় প্রার্থনার জন্য আবেদন করতে চায়, তাদের প্রথমে যে দেশে পৌঁছেছেন সেখানে আবেদন করা উচিত। যেখানে তোমার নাম নিবন্ধিত আছে সেই দেশে থাকা গুরুত্বপূর্ণ।
কিছু আবেদনকারী কর্তৃপক্ষের অজান্তেই এগিয়ে যাওয়ার চেষ্টা করে।
আমিও। আমি আমার দাদুকে খুঁজতে চেয়েছিলাম। যাত্রাপথে আমি তার থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছিলাম। যেহেতু আমার বয়স 18 বছরের কম, আমার একজন অভিভাবক আমাকে সাহায্য করছেন। তিনি আমাকে থাকতে এবং সাহায্য পেতে পরামর্শ দিয়েছেন।
এমন কিছু সংস্থা আছে যারা আমার দাদুকে নিরাপদে খুঁজে দিতে পারে, আমি একা না এগিয়ে গেলেও।
এছাড়াও, আমি চলে গেলে, আমি অন্য কোনো দেশে কিছু পরিষেবা এবং সহায়তা হারানোর ঝুঁকি নিয়ে থাকি।
একদম ঠিক! তোমার অভিভাবক সর্বদা তোমার **ভালো চান**। কর্তৃপক্ষের সাথে একসাথে, তারা নিশ্চিত করার চেষ্টা করেন যাতে একা আগত শিশুরা নিরাপদ থাকে।


তুমি যদি এগিয়ে যাও এবং **অন্য কোন** দেশে আশ্রয় চাও, তাহলে **যে দেশে তুমি প্রথম এসেছিলে** এবং যেটি তোমার জন্য দায়িত্বপ্রাপ্ত সেখানে কর্তৃপক্ষ তোমাকে ফেরত পাঠাতে পারে। তুমি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারো।
আপিল কী?
আপীল মানে দ্বিমত পোষণ করা। যদিও তুমি কেন একমত নও তা তোমাকে ব্যাখ্যা করতে হবে। তোমার অভিভাবক এবং আইনজীবী তোমাকে পরামর্শ দিতে পারে।
ফেরত না পাঠানোর কারণগুলো কী কী?
যদি তুমি যে দেশে এসেছ সেখানে পরিবার থাকে অথবা তোমার গুরুতর স্বাস্থ্য সমস্যা থাকে এবং তুমি শুরু করা চিকিৎসা চালিয়ে যেতে বাধ্য হও...।
আমি বুঝেছি...
সাধারণত, তুমি যেখানে প্রথম এসেছিলে, আশ্রয় চেয়েছিলে এবং যেখানে তুমি নিবন্ধিত হয়েছো সেখানেই তোমার থাকা ভালো হবে। এটি তোমার এবং কর্তৃপক্ষের জন্য বিষয়টিকে সহজ করে তোলে।


...কিন্তু অপেক্ষা করা কঠিন হতে পারে... কখনো কখনো যারা আমাদের এখানে আসতে সাহায্য করেছে তারা আমাদের দ্রুত এগিয়ে যেতে বলে।
হুম... যারা এই ধরনের পরামর্শ দেয় তাদের উদ্দেশ্য ভালো নাও হতে পারে।
অন্য দেশে চলে যাওয়ার মতো বড় সিদ্ধান্ত নেওয়ার আগে সর্বদা এমন একজনের সাথে কথা বলো **যিনি এখানে কাজ করেন এবং তুমি তাকে বিশ্বাস করো।**
অপেক্ষা করার সময়, ব্যস্ত থাকা বা হতাশ হলে পরিবার এবং বন্ধুদের সাথে কথা বলাও সাহায্য করতে পারে।
তোমার পড়াশোনা চালিয়ে যাও...
... খেলাধুলা করো...
... মজা করো!
একটি শিশুর কখনোই ব্যাগ বেঁধে চলে যাওয়া উচিত নয়। একা ভ্রমণ ঝুঁকিপূর্ণ হতে পারে।


আমি রাজি। আমার অভিভাবকের সাথে, আমি সেই সংস্থার সাথে যোগাযোগ করেছি যেটি পরিবারের সদস্যদের পুনর্মিলন করে।
পরিবারের খোঁজ করাকে **ফ্যামিলি ট্রেসিং** বলে । পরিবারকে একত্রিত করাকে বলা হয় পারিবারিক **পুনর্মিলন**।
যখন আমরা পরিবার বলি, তখন কর্তৃপক্ষ সাধারণত বাবা-মা, ভাইবোন, দাদু-ঠাকুমা, কাকু-কাকিমার মতো **ঘনিষ্ঠ পরিবার** বোঝায়।
তাদের খোঁজ  করার জন্য তাদের কী তথ্য দরকার?
... তারা তাদের নাম, কোথায় এবং কখন তুমি তাদের শেষ দেখেছিলে, যদি তুমি জানো যে তারা কোথায় আছে ইত্যাদি জিজ্ঞাসা করবে...


তোমার উত্তরগুলি একটি **ফ্যামিলি ট্রেসিং** ফর্মে নথিভুক্ত করা হবে, যেটি তোমার অভিভাবক তোমাকে পূরণ করতে সাহায্য করতে পারেন। **ফ্যামিলি ট্রেসিং**-এ সাহায্যকারী সংস্থা যদি তাদের খুঁজে পায় তাহলে তোমাকে জানাবে।
যদি তুমি, তোমার পরিবার এবং তোমার অভিভাবক সবাই একমত হও, তাহলে কর্তৃপক্ষের সহায়তায় তোমরা পুনরায় একত্রিত হবে। তুমি যদি তোমার পরিবারের সাথে পুনরায় মিলিত হতে না চাও তবে তুমি অসম্মতি জানাতে পারো।
কেন কেউ দ্বিমত হবে?
হয়তো পরিবারের কোনো সদস্য হিংস্র। কর্তৃপক্ষকে অবশ্যই সর্বদা বিবেচনা করতে হবে কোনটি তোমার জন্য সবচেয়ে ভালো এবং নিরাপদ।
বুঝলাম। হুম... ফ্যামিলি ট্রেসিং ফর্ম পূরণ করা কি কঠিন?
যদি তোমার কাছে প্রয়োজনীয় কাগজপত্র থাকে, যেমন জন্মের সার্টিফিকেট বা পারিবারিক সম্পর্ক প্রমাণ করার জন্য একটি ছবি। যত তাড়াতাড়ি সম্ভব কর্তৃপক্ষকে সেগুলি দেখাও ।
তাহলে কি শিশুকে কাগজপত্র দেখাতে হবে?
হ্যাঁ। বিরল ক্ষেত্রে, কিছু দেশ তোমার সাথে সম্পর্কিত কিনা তা পরীক্ষা করার জন্য রক্ত বা লালার নমুনার মতো একটি মেডিকেল পরীক্ষার করবে।


তোমার লালায় প্রচুর তথ্য রয়েছে। তুমি এই পরীক্ষা দিতে চাও কি না তা বেছে নিতে পারো। পরামর্শের জন্য তোমার অভিভাবকের সাথে কথা বলো।
সতর্ক থাকো: যদি কর্তৃপক্ষ পারিবারিক সম্পর্ক নিয়ে সন্দেহ করে বা তাদের কাছে যথেষ্ট তথ্য না থাকে, তবে তারা পুনর্মিলন অনুমোদন নাও করতে পারে। অবশ্যই, তুমি এই ধরনের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারো।
মিঃ ফ্রেড, পারিবারিক পুনর্মিলন সাধারণত কত সময় নেয়?
সময় পরিবর্তিত হয়। তোমাকে ধৈর্য ধরতে হবে। অভিভাবক তোমাকে আপডেট দেবেন।
ব্যস্ত থাকো, স্থানীয় ভাষা শেখো, তোমার অভিভাবকের কাছে জিজ্ঞেস করো কোন কার্যক্রমে তুমি যোগ দিতে পারো।
মাঝে মাঝে আমি ভাবি যে সবাই মনে করতে পারে আমি বোকা, এত প্রশ্ন করার জন্য।


আমি অনেক প্রশ্ন জিজ্ঞাসা করি। তুমি কি আমাকে বোকা ভাবছ?
অবশ্যই না!
আরো জানতে চাওয়া দেখায় যে তুমি কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে ইচ্ছুক।
ASYLUM, FINDING FAMILY & RELOCATION
নোট
তোমার প্রশ্নগুলো এবং ইতিমধ্যেই যেসব তথ্য পেয়েছ তা লিখে রাখো।
এখন, আমি তোমাদের সবার সঙ্গে স্থানান্তর সম্পর্কিত একটি ছোট কুইজ করতে চাই, কারণ কখনো কখনো কর্তৃপক্ষ আবেদনকারীদের অন্য ইইউ -এর দেশে স্থানান্তর করে...
দারুণ!

**প্রশ্ন ১**
**আমাকে এমন একটি পরিস্থিতি বলো যেখানে কর্তৃপক্ষ আবেদনকারীদের স্থানান্তর বা পুনর্বাসন করতে পারে।**




**প্রশ্ন 2**
**মানুষ যখন স্থানান্তরিত হয়, তারা কি দেশ বেছে নিতে পারে?**




**প্রশ্ন 3**
**যদি একজন ব্যক্তি স্থানান্তরের সিদ্ধান্তের সাথে একমত না হয় তাহলে  কী হবে?**



## প্রশ্ন 4

## তুমি আপিল করতে সময় নিতে পারো?



# গুরুত্বপূর্ণ

**এই দেশে...**

আমার আশ্রয়ের আবেদনের জন্য কোন দেশ দায়ী তা সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বে থাকা কর্তৃপক্ষকে বলা হয়:

________________________________________

আমার অভিভাবকের সাথে দেখা করতে এবং কথা বলতে, আমি যোগাযোগ করতে পারি: ____________________

________________________________________

অ্যাসাইলাম পদ্ধতি সম্পর্কে আরও জানতে বা কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে চাইলে সহায়তা পেতে আমি বিনামূল্যে একজন আইনি পরামর্শদাতার সাথে যোগাযোগ করতে পারি।

অ্যাসাইলাম পদ্ধতি বা কীভাবে আপিল করতে হবে সে বিষয়ে পরামর্শের জন্য, আমি যোগাযোগ করতে পারি: ______

________________________________________

যদি এখানে কেউ, যেমন কর্মকর্তারা, আইনগত পরামর্শদাতা, সামাজিক কর্মী বা আমার অভিভাবক, আমার সাথে খারাপ আচরণ করে, আমি অভিযোগ করতে পারি এবং এখানে যোগাযোগ করতে পারি: ____________________

________________________________________

জরুরী পরিস্থিতিতে, আমি __________________________ এ অ্যাম্বুলেন্সের সাথে যোগাযোগ করতে পারি
অথবা ________________________________________ এ পুলিশের সাথে যোগাযোগ করতে পারি

আমার ঘুমানোর জন্য একটি নিরাপদ জায়গা, যাকে রিসেপশন বলা হয়, সেটি নিশ্চিত করার দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষকে বলা হয়: __________________________________

আমি যেখানে থাকি সেখানে প্রদত্ত যাবতীয় পরিষেবা বিনামূল্যে দেওয়া হয়। যদি কর্মীদের কোনো সদস্য আমার কাছে টাকা চায়, আমি এখানে যোগাযোগ করে অভিযোগ করতে পারি: ____________________________

________________________________________

# গুরুত্বপূর্ণ

**এই দশেে...**

যে সংস্থাগুলি আমাকে আমার পরিবারের সদস্যদের খুঁজতে সাহায্য করতে পারে তাদের বলা হয়: ____________________
________________________________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________

যে সংস্থাটি আমাকে পরিবারের সাথে পুনরায় মিলিত হতে সাহায্য করার জন্য দায়ী, যদি এটি আমার সর্বোত্তম স্বার্থে হয়, তা হল: ____________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________

অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য: ____________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________

# কুইজ

**আমি অ্যাসাইলাম পদ্ধতি সম্বন্ধে আমার জ্ঞান পরীক্ষা করছি!**

☑ সঠিক উত্তরে টিক দিন।.

1. কর্তৃপক্ষ কেন আমার ছবি ও আঙুলের ছাপ নিয়ে কম্পিউটার সিস্টেমে রাখবে?
   - ○ ক. আমি কে এবং কখন কোথায় পৌঁছেছি তা জানতে।
   - ○ খ. আমার সুন্দর আঙুলগুলি আরো ভালো ভাবে দেখতে.

---

2. আমার পুনর্মিলনের আগে কর্তৃপক্ষ পরীক্ষা করে দেখে যে আমি সত্যিই সেই ব্যক্তির সাথে সম্পর্কিত কিনা, এটি নিশ্চিত হতে যে আমি নিরাপদ।
   - ○ ক. সত্য
   - ○ খ. মিথ্যা

---

3. আমি যাই চাই না কেন, কর্তৃপক্ষ সব সময় আমাকে পরিবারের কাছে পাঠাবে, যদি আমার পরিবারের কেউ ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) থেকে থাকে।
   - ○ ক. সত্য
   - ○ খ. মিথ্যা (আমার বর্তমান পরিস্থিতিতে আমার জন্য সর্বোত্তম সমাধান খুঁজতে কর্তৃপক্ষ সর্বদা আমার এবং অভিভাবকের কথা শুনবে।)

---

4. আমি যখনই চাই, তখনই কোনো সমস্যা ছাড়াই অন্য কোনো দেশে চলে যেতে পারি।
   - ○ ক. সত্য
   - ○ খ. মিথ্যা (এর সাথে জড়িত পরিণতি এবং সম্ভাব্য বিপদগুলি সম্পর্কে জানতে প্রথমে আমার অভিভাবকের সাথে কথা বলা ভাল।)

---

5. প্রথম যে দেশে আমি আশ্রয় চেয়েছিলাম এবং যেখানে আমি নিবন্ধিত হয়েছি সেই দেশটি সাধারণত আমার আশ্রয়ের আবেদনের জন্য দায়ী।
   - ○ ক. সত্য
   - ○ খ. মিথ্যা

## কুইজের উত্তর

উত্তর ১: ক; উত্তর ২: ক; উত্তর ৩: খ; উত্তর ৪: খ; উত্তর ৫: ক.

# নোট

# নোট

EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

BENGALI

এই পুস্তিকাটি শুধুমাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে প্রকাশিত হয়েছে। এটি কোনো অধিকার বা প্রতিশ্রুতি প্রদান করে না। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটিতে প্রকাশিত উপাদানের মূল অংশ সরবরাহ করেছে এবং এই পুস্তিকাটির পুনরুৎপাদন ও পরিবর্তন শুধুমাত্র ইইউ সদস্য রাষ্ট্রগুলির জন্য EUAA দ্বারা অনুমোদিত। EUAA অন্য কোনো ইইউ সদস্য রাষ্ট্র বা কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই পুস্তিকায় অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোনো দায়িত্ব বা দায়বদ্ধতা গ্রহণ করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তিই এই পুস্তিকায় উল্লেখিত তথ্যের ব্যবহারের জন্য দায়বদ্ধ নয়।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025

